# 2024

# BENGALI

## (MODERN INDIAN LANGUAGE)

**Full Marks : 100**

**Pass Marks : 33**

**Time : Three hours**

*All questions are compulsory.*

*Marks are indicated against the questions.*

## UNIT – I (Prose & Drama)

'ক' গুচ্ছ (গদ্যাংশ ও নাটক)

১। 'গ্রামস্থ বালকগণ ঐ পাঠশালায় বিদ্যাভ্যাস করিত, আমি তাঁহার পাঠশালায় প্রেরিত হইলাম।'
– পাঠশালাটি কার – ১

(ক) রাধামোহন বিদ্যাভূষণের

(খ) রামসুন্দর মল্লিকের

(গ) কালীকান্ত চট্টোপাধ্যায়ের

২। 'সভ্যরা সবাই মিলে নাটক লিখছি, এক একজন এক একটা ডায়লগ।'
– নাটকটির নাম – ১

(ক) অভিসার সংসদ

(খ) কে-এ কামিনী

(গ) রঙ্গব্যঙ্গ

৩। 'যে বালকটি মন্দির প্রাঙ্গণ হইতে মাধবী আহরণ করিবার প্রতিজ্ঞা করিয়াছিল তাহার সাহসের সীমা ছিল না – বালকটির নাম কী? ১

(ক) নলিন

(খ) পুলিন

(গ) অনিল

৪। 'আত্মপরিচয়' – গদ্যাংশে কার শৈশবের পড়াশুনা নিয়ে আলোচনা করা হয়েছে? ১

৫। 'ফিনল্যান্ড' গদ্যাংশের লেখক কে? ১

৬। 'মধুবাতা ঋতায়তে' – এই মন্ত্রের বাংলা অর্থ কী? ১

৭। অখিল নিয়োগীর ছদ্মনাম কী? ২

৮। জয়কালী দেবীর মন্দিরে কোন পশু প্রবেশ করেছিল? ২

৯। ভূমিকম্প মাপার যন্ত্রের নাম কী? ২

১০। ভূমিক্ষয় রোধে কী কী ব্যবস্থা অবলম্বন করতে হয়, সংক্ষেপে আলোচনা কর। ৩

১১। টীকা লিখ : 'কালাহারি মরুভূমি'। ৩

১২। আন্তিলিও গাত্তির বংশ পরিচয় দাও। ৩

১৩। কালাহারি মরুভূমি পার হবার পথে গুহার মধ্যে শঙ্করের যে অভিজ্ঞতা হয়েছিল তা বর্ণনা কর। ৪

১৪। জয়কালী দেবীর চরিত্র বিশ্লেষণ কর। ৫

*অথবা,*

'সাজঘর' নাটকের মাকাল চরিত্র বিশ্লেষণ কর।

## UNIT – II (Poetry)

### 'খ' গুচ্ছ (পদ্যাংশ)

১৫। 'আমার শপথ লাগে না ধাইয়ো ধেনুর আগে

পরানের পরান নীলমণি'– নীলমণি কে? ১

(ক) কানাই

(খ) বলাই

(গ) সুদাম

১৬। 'নারিলি হরিতে মনি দংশিল কেবল ফনী।' – ফনী হল – ১

(ক) সাপ

(খ) ব্যাঙ

(গ) ইঁদুর

১৭। 'ধরা' শব্দের অর্থ কী? ১

১৮। 'আঠারো বছর বয়স' কবিতার কবি কে? ১

১৯। 'কারু বোলে বড় ধেনু, ফিরাইতে না যাইও কানু, হাত তুলি দেহ মৌর মাথে।' কথাগুলি কে কাকে বলেছেন? ২

২০। স্টিমার কী? স্টিমার কোথায় চলে? ২

২১। 'জীবন প্রবাহ বহি কালসিন্ধু পানে ধায়

ফিরাব কেমনে'—কালসিন্ধু কী? ২

২২। 'এ তিনের ছল সমরে এ কু-আশার'—কবি কোন তিনটি ছলনার কথা বলেছেন? ৩

২৩। 'এ দেশের বুকে আঠারো আসুক নেমে'—কবি কেন এই কামনা করেছেন? ৩

২৪। 'বাল্যলীলা' কবিতা অনুসরণে যশোদার মাতৃহৃদয়ের পরিচয় সংক্ষেপে দাও। ৪

২৫। 'দানব সংহারি মানবেরি কাজ, দধিচীর হাড় ইন্দ্রের হাতে'—বিস্তারিত আলোচনা কর। ৫

## UNIT – III (Reading)

### 'গ' – গুচ্ছ (পঠন)

**নিম্নোক্ত রচনাটি পড়ে ২৬, ২৭, ২৮ ও ২৯ নম্বর প্রশ্নগুলির উত্তর দাও।**

অনেকদিন আগে থাবাতন নামে এক সুন্দরী যুবতী ছিল। সাত ভাইয়ের একমাত্র বোন সে, তাই সে খুব আদরের। থাবাতনের সাত ভাই ছিল খুব শক্তিশালী। কিন্তু অভাবের ফলে তারা একমাত্র বোনকে ইচ্ছে মত খাওয়াতে পারতো না। এর জন্য তাদের খুব কষ্ট হত। তাই বোনের দুঃখ দূর করার জন্য তারা চিন্তা করতে শুরু করল। শেষ পর্যন্ত সাত ভাই মিলে ঠিক করল নৌকায় করে পণ্যসামগ্রী নিয়ে তারা দূর দেশে পাড়ি দেবে। এভাবে অর্থ উপার্জন করে তারা থাবাতনের দুঃখ দূর করবে। সাত ভাই বাণিজ্যে যাওয়ার আগে থাবাতনকে সাবধান করে বলল—আমরা ফিরে না আসা পর্যন্ত কারো কথায় দরজা খুলবে না। আমরা ফিরে এসে বলব—'সোনা সোনা লক্ষ্মী সোনা, কথাটি মোদের শোন। আমরা তোমার সাত ভাই, দরজাটি এবার খোল।' তখনই দরজা খুলবে। থাবাতনের গ্রামে কেবুই কেইওইবা নামে পরিচিত এক অদ্ভুত আকৃতির প্রাণী বাস করত। প্রাণীটির মাথা ছিল বাঘের আর শরীর ছিল মানুষের।

২৬। থাবাতনের কয় ভাই ছিল? ১

২৭। কেবুই কেইওইবার আকৃতি কেমন ছিল? ১

২৮। থাবাতনের কষ্ট দূর করার জন্য তার ভাইয়েরা কী পরিকল্পনা করেছিল? ২

২৯। কোন কথা শুনে ভাইয়েরা থাবাতনকে দরজা খুলতে বলেছিল? ২

৩০। নীচের রচনাংশটির সারসংক্ষেপ লিখ ঃ ৪

সমুদায় ত্যাগ ও সংযত ভোগ ভারতীয় জীবনের চিরকালীন আদর্শ। জীবনের সকল প্রচেষ্টা ও উদ্দেশ্য ঐশী ইচ্ছা নিহিত, এই উপলব্ধি ভারতবাসীকে অন্য শক্তি দান করেছে। এই প্রেরণায় শতবর্ষের নৃপতিরা ত্যাগব্রতী এবং শত্রুর প্রতি ক্ষমাশীল। ভারতবাসী সর্বব্যাপক প্রেম ও হৃদয়বত্তায় সবাইকে আত্মীয় করে নিতে অভ্যস্ত। এ দেশের মানুষের ভোগবাসনা সংযম নিয়ন্ত্রিত, দারিদ্র্য বৈরাগ্যের স্পর্শে সুন্দর, সম্পদ জগতের কল্যাণকর্মে নিয়োজিত। ভারতবাসী তাদের সমস্ত সুখ দুঃখকে ঈশ্বরের গূঢ় অভিপ্রায় হিসাবে গ্রহণ করে তৃপ্ত থেকেছে।

## UNIT – IV (Writing)

### 'ঘ' – গুচ্ছ (লিখন)

৩১। শরীর সুস্থ রাখার জন্য ব্যায়াম চর্চা করা উচিত। –এই মর্মে জনসাধারণের অবগতির জন্য একটি শ্লোগান রচনা কর। ২

৩২। কৃষ্ণনগর গ্রামের দেশকল্যাণ ক্লাব ২৩শে জানুয়ারি নেতাজী সুভাষচন্দ্র বোসের জন্মদিন পালন করছে–এই অনুষ্ঠানের একটি সংক্ষিপ্ত বিবরণ লেখ। ৩

৩৩। পরীক্ষার প্রস্তুতির জন্য তোমার কয়েকটি বই কেনার প্রয়োজন, এর জন্য চারশত টাকা পাঠানোর অনুরোধ জানিয়ে তোমার পিতা/মাতার কাছে একটি চিঠি লিখ। (চিঠিতে নিজের নামের স্থানে 'ক' লিখবে। ঠিকানার প্রয়োজন নেই।) ৮

৩৪। যে-কোনো একটি বিষয়ের উপর প্রবন্ধ রচনা কর ঃ ১২

(ক) সংবাদপত্র পাঠের প্রয়োজনীয়তা

*অথবা,*

(খ) তোমার প্রিয় লেখক

## UNIT – V (Functional Grammar)

### 'ঙ' – গুচ্ছ (ব্যবহারিক ব্যাকরণ)

৩৫। শব্দের সাথে শব্দের মিলনে তৈরি হয়– ১

(ক) সমাস

(খ) সন্ধি

(গ) প্রত্যয়

৩৬। স্বরবর্ণের সাথে স্বরবর্ণের মিলনে তৈরি হয়– ১

(ক) ব্যঞ্জন সন্ধি

(খ) স্বর সন্ধি

(গ) বিঃসর্গ সন্ধি

৩৭। 'ইতিহাস' এই বিশেষ্য পদটিকে বিশেষণে রূপান্তরিত করলে হয়– ১

(ক) ঐতিহাসিক

(খ) ইতিহাস্য

(গ) হাস্যতা

৩৮। ইন্দ্রকে যিনি জয় করেছেন – এই বাক্যটি সংকোচন করলে হয় – ১

(ক) ইন্দ্রজিৎ

(খ) চন্দ্রজিৎ

(গ) ইন্দ্রকুমার

৩৯। সঠিক বানান নির্ধারণ কর – ১

(ক) বিদ্যানিকেতন

(খ) বিদ্যানীকেতন

(গ) বিদ্যানিকেতণ

৪০। বিপরীত শব্দ লিখ ঃ 'কর্তা' ১

৪১। সমাস কাকে বলে? ১

৪২। 'সিঁদুরে মেঘ' বাক্যরচনা কর। ১

৪৩। 'কলুর বলদ' এই বাগ্‌ধারাটির অর্থ কী? ১

৪৪। বাক্য কাকে বলে? ১

———